কোটচাঁদপুরে নব-নিযুক্ত জেলা প্রশাসকের মতবিনিময় সভা

ঝিনাইদহের নব-নিযুক্ত জেলা প্রশাসকের সাথে কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তা-কর্মচারী, জনপ্রতিনিধি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকালে উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।
উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন নব-নিযুক্ত জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আ. লীগ সভাপতি শরিফুন্নেছা মিকি, পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম।
এ সময় আরও উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন, থানার ভারপ্রাপ্ত অফিসার ইনচার্জ (ওসি তদন্ত) ইমরান আলম, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের গাইনী কনসালটেন্ট ডা. আয়েশা আক্তার, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, ইউপি চেয়ারম্যান, সাংবাদিকসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা।

সনাতন ধর্মাবলম্বীদের উপর হামলার প্রতিবাদে কোটচাঁদপুরে মানববন্ধন

সুনামগঞ্জ জেলার শাল্লা উপজেলার নোয়াগাও গ্রামে সনাতন ধর্মাবলম্বীদের উপর বর্বরোচিত হামলা-ভাংচুর ও লুটপাটে জড়িতদের গ্রেফতার ও শাস্তির দাবিতে ঝিনাইদহের কোটচাঁদপুরে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বেলা ১১ টার

দিকে উপজেলা পূজা উদ্যাপন পরিষদ ও হিন্দু বৌদ্ধ খৃষ্টান ঐক্য পরিষদ এবং ছাত্র যুব পরিষদের আয়োজনে পৌর শহরের স্থানীয় পায়রা চত্বরে এই মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।
উপজেলা পূজা উদ্যাপন পরিষদের সভাপতি নিমাই চন্দ্র দে’র সভাপতিত্বে সমাবেশে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা আ. লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি। এ সময় উপস্থিত ছিলেন, ৪নং পৌর ওয়ার্ড কাউন্সিলর সুব্রত চক্রবর্তী, উপজেলা পূজা উদ্যাপন পরিষদের সাধারণ সম্পাদক রবিন্দ্রনাথ রায়, পৌর পূজা উদ্যাপন পরিষদের সভাপতি মহাদেব ঘোষ, সাধারণ সম্পাদক দীপক সিংহ, উপজেলা যুবলীগ নেতা মঈনুদ্দিন শেখ হেকিম প্রমুখ। এছাড়াও নানা শ্রেণী-পেশার সনাতন ধর্মাবলম্বীরা মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশে উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে ফ্যাশান ব্রান্ড বন্ড ক্লোথিং হাউজ’র যাত্রা শুরু

ঝিনাইদহে ফ্যাশান ব্রান্ড বন্ড ক্লোথিং হাউজ’র যাত্রা শুরু করেছে। গতকাল মঙ্গলবার বিকেলে শহরের এইচএসএস সড়কের পৌরসভার বিপরীতে এই ফ্যাশান হাউজের উদ্বোধন করেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু।
এ সময় উপস্থিত ছিলেন, বন্ড ক্লোথিং হাউজ এর চেয়ারম্যান রবিউল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মাদ মিজান, ঝিনাইদহ প্রেস ক্লাব এর সভপতি এম রায়হান। অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন সিনিয়র সাংবাদিক জাহিদ হাসান বিপ্লব ও ইশতিয়াক মাহমুদ পাভেল।
বন্ড ক্লোথিং হাউজ’র কর্মকর্তারা জানান, নান্দনিক ও রুচিশীল পোশাকের কারণে এই প্রতিষ্ঠানটি দেশের বিভিন্ন স্থানে সুনাম অর্জন করেছে। এখন থেকে ঝিনাইদহেও সাশ্রয়ী মূল্যে পছন্দের পোশাক কিনতে পারবেন জেলাবাসী।

ঝিনাইদহে কৃষকদের মাঝে রিপার ও কম্বাইন হারভেস্টার মেশিন হস্তান্তর

কৃষিতে আধুনিক যন্ত্রপাতির ব্যবহার বাড়াতে ঝিনাইদহে কৃষকদের মাঝে অর্ধেক ভর্তুকিমূল্যের রিপার ও কম্বাইন হারভেস্টার মেশিন হস্তান্তর করা হয়েছে।

গতকাল মঙ্গলবার দুপুরে সদর উপজেলা কৃষি অফিস চত্বরে এ মেশিন হস্তান্তর করা হয়। এ সময় জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আজগর আলী, উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশিদ, উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহিন, মহিলা ভাইস চেয়ারম্যান আরতি দত্ত, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পোড়াহাটি ইউনিয়নের চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরন, কৃষি কর্মকর্তা জাহিদুল করিম, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা ইমদাদুল হাসান, উপ-সহকারী উদ্ভিদ সংরক্ষণ অফিসার খাইরুল ইসলামসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

কৃষি অফিসের কর্মকর্তারা জানান, কৃষি যান্ত্রিকীকরণের লক্ষ্যে ৫০ ভাগ উন্নয়ন সহায়তার মাধ্যমে সদর উপজেলার ১১ জন কৃষককে রিপার ও কম্বাইন হারভেস্টার মেশিন হস্তান্তর করা হয়েছে। এতে কম সময়ের মধ্যে কৃষক ধানসহ অন্যান্য ফসল কর্তন ও মাড়াই করতে পারবে।

শৈলকুপা পৌরসভায় রাস্তার কাজে অনিয়মের আভিযোগ এলাকাবাসীর

মানববন্ধন

ঝিনাইদহের শৈলকুপা পৌরসভার রাস্তার কাজ সিডিউল অনুযায়ী না করে নিন্মমানের ইট-বালি, খোঁয়া ব্যবহারের অভিযোগ এনে এলাকাবাসী মানববন্ধন ও বিক্ষোভ করেছে। মঙ্গলবার সকালে শৈলকুপা পৌরসভার ৪নং ওয়ার্ডের সাতগাছি এলাকার বাসিন্দারা সাতগাছি ব্রীজ মোড়ে এই মানববন্ধন ও বিক্ষোভ করে । পৌর এলাকাবাসীর ব্যানারে মানববন্ধন ও বিক্ষোভে গ্রামের বিভিন্ন শ্রেণীর মানুষ অংশ নেয়।
মানববন্ধনে তারা দাবি করে পৌরসভার অবহেলীত সাতগাছি গ্রামের ভেতর দিয়ে দীর্ঘদিনের কাঙ্খিত সড়কের পাকাকরণ কাজ শুরু হলেও নিন্মমানের খোঁয়া ও ইট-বালি দিয়ে মেকাডম সম্পন্ন করা হয়েছে। রাস্তার দু’পাশে পর্যাপ্ত এজিং করা হয়নি, পাশে মাটি না দেয়ায় বর্ষা এলেই রাস্তা ভেঙ্গে পড়বে বলে তাদের অভিযোগ।

প্রসঙ্গত, প্রথম শ্রেণীর শৈলকুপা পৌরসভায় গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায়, ৭৬ লক্ষ টাকা ব্যায়ে ৪নং ওয়ার্ডের সাতগাছি গ্রামে সরকারী প্রাথমিক বিদ্যালয় হতে আউশিয়া মুখি পৌনে ২কিলোমিটার রাস্তা পাকাকরণের কাজ চলছে। এরই মধ্যে সড়কটির মেকাডম সম্পন্ন হয়েছে, চলতি জুনে কাজ শেষ হওয়ার কথা রয়েছে।

সড়কটি নিয়ে এলাকাবাসীর বিক্ষোভ-মানববন্ধন প্রসঙ্গে সাব কন্ট্রাক্টর সাবের হোসেন জানান, সড়কটির কাজ চলমান, মাটির কাজ ও পাইলিং হবে, উন্নয়ন বাধাগ্রস্থ করতে এখনই একটি মহল এসব করছে।পৌরসভার নির্বাহী প্রকৌশলী রফিকুল ইসলাম জানান, তাদের দপ্তরে কোন ধরনের খোঁজ-খবর না করেই কিছু মানুষ এমনটি করছে, যতটুকু কাজ হয়েছে খোঁয়া, ইট-বালি মান সম্মতই বলে তিনি দাবি করেন।

ঝিনাইদহে ভাষা সৈনিক মুসা মিয়া

আন্ত-ইউনিয়ন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন চাঁদপুর ইউনিয়ন

ঝিনাইদহে ভাষা সৈনিক মুসা মিয়া আন্ত-ইউনিয়ন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকালে ঝিনাইদহ বীরশ্রেষ্ট্র হামিদুর রহমান স্টেডিয়ামে খেলাটি অনুষ্ঠিত হয়।

হরিণাকুণ্ডু উপজেলার চাঁদপুর ইউনিয়ন ২-০ গোলে সদর উপজেলার ঘোড়শাাল ইউনিয়নকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। করোনা মহামারী উপক্ষো করে দু’দলের এই তুমুল প্রতিদ্বন্দীতা পূর্ণ খেলা ঝিনাইদহের মানুষ দীর্ঘ দিন পর উপভোগ করেন। খেলা শুরু হতে না হতেই গ্যালারী কানাই কানাই পূর্ণ হয়ে যায়।

মাস ব্যাপী এ টুর্নামেন্টের সভাপতির দায়িত্বে ছিলেন, ঝিনাইদহের জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই এমপি, সংরক্ষিত মহিলা আসনের সাংসদ খালেদা খানম এমপি, পুলিশ সুপার মোঃ মুনতাসিরুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা, ভাষা সৈনিক মুসা মিয়া আন্ত-ইউনিয়ন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের পৃষ্ঠপোষক ও জাহেদি ফাউন্ডেশন নির্বাহী পরিচালক নাসের শাহরিয়ার জাহেদি মহুল,

হরিণাকুণ্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, হরিণাকুণ্ডু উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানাসহ বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যান ও জেলার ক্রীড়া সংস্থার নেতৃবৃন্দ।

খেলায় চ্যাম্পিয়ন দলকে ৩ লাখ টাকা এবং রানার্স আপ দলকে ২ লাখ টাকা প্রাইজমানি হিসেবে উপহার দেওয়া হয়।

কালীগঞ্জে মাস্ক না পরায় জরিমানা

মহামারি করোনা প্রতিরোধে জনসচেতনতা বাড়াতে মাঠে নেমেছে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা প্রশাসন।

সোমবার সকাল ১২ টায় উপজেলা নির্বাহী কর্মকর্তা সূবর্ণা রানী সাহার নেতৃত্বে শহরের মেইন বাসষ্ট্যান্ড, মধুগঞ্জ বাজার সহ বিভিন্ন স্থানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

এ সময় সড়কে চলাচলকারী যাত্রীবাহী বাস, ইজিবাইক, বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান ও পথচারীদের মাস্ক পরিধান না থাকায় জরিমানা আদায়সহ ফ্রি মাস্ক বিতরণ করেন।

ভ্রাম্যমাণ আদালত অভিযানের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও কালীগঞ্জ ইউএনও সূবর্ণা রানী সাহা জানান, বাড়ছে করোনার প্রকোপ। তা প্রতিরোধে মাস্ক পরিধান অত্যবশ্যকীয়। বিশেষ করে গনপরিবহন ও বিভিন্ন জনসমাগম স্থান গুলো করোনার জন্য ঝুকিপূর্ণ এলাকা।

তাই করোনা প্রতিরোধে সবার মধ্যে সচেতনতা বাড়াতেই এ অভিযান পরিচালনা করা হচ্ছে। এ সময়ে মাস্ক পরিধান না করাসহ মোটরসাইকেলের কাগজপত্র না রাখার অপরাধে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে ১৩’শ ৫০ টাকা জরিমানা আদায় করা হয়।

কোটচাঁদপুরে বিএনপি’র দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুর থানা ও পৌর বিএনপি’র দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্টিত হয়েছে।

আজ সোমবার বেলা ১১ টার স্থানীয় কাশিপুর সিরু মিয়ার ইট ভাটা চত্তরে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের শুরুতে জাতীয় পতাকা উত্তোলন ও শান্তির পায়রা উড়িয়ে সম্মেলনের কার্যক্রম শুরু করা হয়।

উপজেলা বিএনপি’র আহ্বায়ক আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে সম্মেলনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিএনপির সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম মঞ্জু।

সম্মেলনের উদ্বোধক হিসাবে ছিলেন, জেলা বিএনপির আহ্বায়ক অ্যাড. এস এম মশিয়ুর রহমান। প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. এম.এ মজিদ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক অনিন্দ্য ইসলাম অমিত, সহ-সাংগঠনিক সম্পাদক বাবু জয়ন্ত কুমার কুন্ডু, জাতীয় নির্বাহী কমিটির সহ-তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আমিরুজ্জামান খাঁন শিমুল, জেলা বিএনপির যুগ্ন-আহ্বায়ক আব্দুল মালেক, জেলা বিএনপির যুগ্ন-আহ্বায়ক মো: আক্তারুজ্জামান, সদর থানার আহ্বায়ক অ্যাড. কামাল আজাদ পান্নু, ঝিনাইদহ পৌর শাখার আহ্বায়ক আব্দুল মজিদ বিশ্বাস, কোটচাঁদপুর পৌর শাখার আহ্বায়ক এস.কে.এম সালাহউদ্দীন বুলবুল সিডল।

সম্মেলনে থানা কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন, উপজেলা বিএনপি’র আহ্বায়ক আব্দুর রাজ্জাক, সাধারণ সম্পাদক লিয়াকত আলী এবং পৌর কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন, পৌর বিএনপির আহ্বায়ক এস.কে.এম সালাহউদ্দীন বুলবুল সিডল। সাধারণ সম্পাদক আবুল কাশেম।

এসময় উপজেলা বিএনপি’র সদস্য সচিব মিজানুর রহমান খাঁন লাভলু, ও পৌর বিএনপির সদস্য সচিব ফারুক হোসেন খোকন সহ উপজেলা ও পৌর বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে বাংলা ৭১ পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন

ঝিনাইদহে নানা আয়োজনের মধ্য দিয়ে মুক্তিযুদ্ধ ধারার দৈনিক বাংলা

৭১ পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।
এ উপলক্ষে গতকাল রবিবার বিকালে ঝিনাইদহ প্রেসক্লাবে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রেসক্লাবের সভাপতি এমএ রায়হানের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা পরিষদ চেয়ারম্যান কনক কান্তি দাস।
বিশেষ অতিথির বক্তব্য রাখেন সদর সার্কেল এএসপি আবুল বাশার, সদর থানার ওসি মিজানুর রহমান, বাংলাদেশ প্রতিদিনের জেলা প্রতিনিধি রুহুল আমিন।
অনুষ্ঠানটি সঞ্চালনায় করেন একাত্তর টেলিভিশনের জেলা প্রতিনিধি রাজীব হাসান। স্বাগত বক্তব্য রাখেন বাংলা ৭১ পত্রিকার জেলা প্রতিনিধি অরিত্র কুণ্ডু। আলোচনা সভা শেষে অতিথীরা ৯ম বছর পদার্পণ উপলক্ষে কেক কাটেন।

প্রধান অতিথি তার বক্তব্য বলেন, জাতি গঠনে সংবাদপত্রের ভূমিকা গুরুত্বপূর্ণ। দেশ ও জনগণের উন্নয়নে সাংবাদিকরা বলিষ্ঠ ভূমিকা পালন করে থাকেন। বাংলা ৭১ পত্রিকা বস্তুনিষ্ট সংবাদ প্রকাশের মাধ্যমে পাঠকদের মধ্যে আলোচিত হয়েছে। তিনি বাংলা ৭১ পত্রিকার সম্পাদক, প্রকাশকসহ পত্রিকার সাথে সংশ্লিষ্ট সকলকে জন্মদিনের শুভেচ্ছা জানান।

হরিণাকুণ্ডুতে ভুল চিকিৎসায় ৫ শতাধিক মুরগির বাচ্চার মৃত্যু

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা আদর্শ আন্দুলীয়া গ্রামে সোনালী মুরগি খামারি আদর্শ পোল্ট্রি ফার্মে ভুল চিকিৎসা ও অতিরিক্ত ঔষধ প্রয়োগে ২৫ দিন বয়সী পাঁচশ সোনালী মুরগির বাচ্চা মারা গেছে। কুলবাড়ীয়া বাজারের ঔষধ বিক্রেতা আন্দুলীয়া ফার্মেসী’র মালিক জাহিদ হোসেনকে দায়ী করে অভিযোগ তুলেছে খামারের মালিক আশরাফুল আলম বিপ্লব।
ভূক্তভোগী হৃদরোগে আক্রান্ত খামারী বিপ্লব অভিযোগ করে বলেন,

জাহিদ অতিরিক্ত আইটেম ও ভুল ঔষধ দেওয়ায় আমার খামারের বাচ্চাগুলো মারা গেছে।
তিনি আরও বলেন, গত মঙ্গলবার দুপুরে বাচ্চাদের পরিচর্যা করতে গিয়ে তিনি লক্ষ্য করলেন প্রায় ৭০ভাগ বাচ্চা চুন পাইখানা করছে, সন্ধ্যা নাগাদ তিনি কুলবাড়ীয়া বাজারে যান এবং আন্দুলীয়া ফার্মেসীর মালিক জাহিদ হোসেনের সাথে পরামর্শ করেন, তখন জাহিদ এলবিয়ন ল্যাবরোটারিজ এর ঔষধ সরবরাহকারী রফিকুল ইসলামের সাথে তার মোবাইল ফোনে কথা বলে ৬ আইটেমের ঔষধ দেন।
ঔষধ গুলো সিপটেক পাউডার (এক লিটার পানিতে ১গ্রাম), লিভো এল (এক লিটার পানিতে ১এম এল), ম্যাকম্যাক্স প্লাস সিরাপ (এক লিটার পানিতে ১ এমএল), ম্লি মক্স এল (তিন লিটার পানিতে ১বড়ি), এল মেট্রো ভেট ২গ্রাম (তিন লিটার পানিতে ১বড়ি) এল বিভিট বি ভেট (এক লিটার পানিতে ১ এমএল) এরকম ৬/৭ দফা ওষুধ দেন।
ঐ রাত থেকে ঔষুধ প্রয়োগ শুরু করেন বিপ্লব পরদিন সকাল থেকে মুরগির বাচ্চার মৃতু্যু শুরু হয়। এক পর্যায়ে শুক্রবার বিকাল পর্যন্ত মৃত্যুর সংখ্যা দাড়ায় প্রায় পাঁচশর কাছাকাছি। খামারি বিপ্লব মরা বাচ্চা নিয়ে ঝিনাইদহ ভেটিরিনারী কলেজের পার টাইম লেকচারার ডাঃ শাওন এর সাথে সাক্ষাত করলে, ডাঃ শাওন বাচ্চার ময়নাতদন্ত করেন এবং ঔষধ এর ফর্দ্দদেখান যেখানে শুধু তিনি কড ভেট পউডার এক লিটার পানিতে ১ গ্রাম পাউডার ব্যবহারের কথা লিখেছেন। বিপ্লব আরও জানান ডাঃ শাওন তাকে আরও জানিয়েছেন এই সামান্য ঘটনায় সিপটেক পাউডার ২০% ব্যবহার ঠিক হয়নি। তাছাড়া অতিরিক্ত ঔষধ ব্যবহারে এ ঘটনা ঘটতে পারে বলে তিনি ধারণা করছেন।
এ ঘটনায় হরিণাকুণ্ডু উপজেলা পশু সম্পদ কর্মকর্তা ডাঃ মশিউর রহমান এর কাছে জানতে চাইলে তিনি বলেন, সচারচার খামারীদের খামার গুলোতে বাচ্চা বা বড় মুরগি হর হামেশায় চুন পাইখানা করে থাকে এটা নিত্য নৈমিত্তিক ঘটনা এর জন্য হাই পাওয়ারের এতো আইটেমের ঔষধ প্রয়োগ ঠিক হয়নি। এ নিরাময়ে কড ভেট পাউডারই যথেষ্ট ছিল।
এ ঘটনায় আন্দুলীয়া ফার্মেসীর মালিক জাহিদ হোসেনের সাথে মোবাইল ফোনে ০১৯৫৫৬৯২২২১ নাম্বারে যোগাযোগ করলে বলেন, খামারি বিপ্লব গত মঙ্গলবার আমার কাছে আসেনি এবং আমার কাছথেকে ঔষধ কেনেনি।
গত ২৬ ফেব্রুয়ারী ওর সাথে আগের সিপ্টের ঔষধ নেওয়ার হিসাব শেষ হয়েছে ওর কাছে আমার পাওনা ১৯৬৪২/- টাকা আগের সিপ্টের মুরগি বিক্রয় করার পরও আমার টাকা পরিশোধ করেনি। বিপ্লব সর্বশেষ ২ মার্চ আমার কাছথেকে এক বক্স মিমক্স এল নিয়েছিলো। এর পর থেকে সে আমার সাথে দেখা করেনা।
এ ঘটনায় সর্বসান্ত ভূক্তভোগী খামারি বিপ্লব এরকম ঘটনা আর কোন

ঔষধ বিক্রেতা যেন ঘটাতে না পারে, এবং এ ঘটনায় আন্দুলীয়া ফার্মেসীর মালিক জাহিদ হোসেনের বিচারের দাবী জানিয়ে জেলা ও উপজেলা প্রশাসনের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের হস্তক্ষেপ কামনা করেছেন।